

বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল-এর আইসিটি শাখার কার্যক্রম

যুগের সাথে তাল মিলিয়ে “তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অগ্রযাত্রায়” মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন-২০২১ বাস্তবায়নের জন্য প্রত্যেকটি সরকারি বেসরকারি অফিসের কার্যক্রম আরও অধিকতর সহজসাধ্য করার লক্ষ্যকে সামনে রেখে এ কার্যালয়ে খোলা হয় “আইসিটি শাখা” নামের একটি পৃথক শাখা। দিন যত এগোচ্ছে সকল কাজ তত সহজ থেকে সহজতর হচ্ছে। তারই অংশ হিসেবে ভার্চুয়াল অফিস/পেপারলেস অফিস সৃষ্টির লক্ষ্যে এ কার্যালয়ের সকল নথির কাজ ই-নথির মাধ্যমে সম্পাদন ও পরিচালনার দায়িত্ব পালন করে এ শাখা। এছাড়াও ভিডিও কনফারেন্স আয়োজন, বিজ্ঞান ও প্রযুক্তি মেলা, ডিজিটাল উদ্ভাবনী মেলা, কনসার্ট ফর আইসিটি, তথ্য অধিকার আইন-২০০৯ এর আলোকে তথ্য প্রদান, তথ্য সংক্রান্ত আপীল আপত্তি নিষ্পত্তিকরণ, বিজ্ঞান ও প্রযুক্তি কুইজ প্রতিযোগিতা, ইনোভেশন শোকেসিং আয়োজন, ইনোভেশন কার্যক্রম সংক্রান্ত সভা, ফ্রন্টডেস্ক রিপোর্ট, অনলাইন ট্রেনিং সংক্রান্ত তথ্য প্রেরণ, জেলা ব্র্যাণ্ডিং, ইনোভেশন ট্রেনিং, এটুআই এবং বিভিন্ন মন্ত্রণালয় থেকে নির্দেশিত আইসিটি সংক্রান্ত কার্যক্রম এ শাখা থেকে সম্পন্ন করা হয়। এ শাখায় ০২ জন অফিস সহকারী কর্মরত আছেন।